



সারা ভারত শান্তি ও সংহতি সংস্থা
অখিল ভারতীয় শান্তি एवं একজুটতা সংগঠন

كل هند امن اور يكجوتو تنظيم

ALL INDIA PEACE AND SOLIDARITY ORGANISATION

West Bengal State Committee

Website : www.aipsowb.org

Ph : 9038105840

E-mail : bengalaipso@gmail.com

Contact : Krishnapada Ghosh Memorial Trust Bhawan
55, Surya Sen Street, Kolkata - 700 009, West Bengal

প্রেস রিলিজ

১৩ জানুয়ারি ২০২৩

চে গুয়েভারা'র কন্যা ডা. অ্যালৈইদা গুয়েভারা'র কলকাতা সফর, ২০-২১ জানুয়ারি ২০২৩

Bengal With Cuba

কিউবার বিপ্লবের অবিস্মরণীয় নেতা কমান্দান্তে চে গুয়েভারার স্বনামখ্যাতা কন্যা এবং সেদেশের বিশিষ্ট চিকিৎসক ডা. অ্যালৈইদা গুয়েভারা (Aleida Guevara) এই মুহূর্তে ভারতে। সঙ্গে রয়েছেন তাঁর কন্যা অধ্যাপিকা এস্তেফানিয়া মার্চিন গুয়েভারা (Estefania Machin Guevara), পেশায় যিনি অর্থনীতির অধ্যাপক। চে-কন্যা কলকাতায় আসছেন প্রায় আড়াই দশক পর। এর আগে ১৯৯৭ সালে তিনি কলকাতায় এসেছিলেন।

চে-কন্যা ভারতে পৌঁছেছেন গত ৪ জানুয়ারি। প্রথমেই কেরালায়। কেরালা ছাড়াও তাঁরা অন্ধ্রপ্রদেশ, তেলেঙ্গানা, কর্ণাটক, তামিলনাড়ু, দিল্লি এবং পশ্চিমবঙ্গ সফর করবেন। দেশের নানা প্রান্তে 'সারা ভারত শান্তি ও সংহতি সংস্থা' (এ আই পি এস ও) এবং 'ন্যাশনাল কমিটি ফর সলিডারিটি উইথ কিউবা'র (এন সি এস সি) উদ্যোগে আয়োজিত সংহতিমূলক বিভিন্ন কর্মসূচীতে অংশ গ্রহণ করছেন।

ডা. অ্যালৈইদা গুয়েভারা এবং তাঁর কন্যা কলকাতায় আসছেন ২০ জানুয়ারি ২০২৩ (শুক্রবার) সকালে। ২০ জানুয়ারি বিকেলে ডা. অ্যালৈইদা গুয়েভারা যাদবপুর বিশ্ববিদ্যালয়ে আয়োজিত সভায় এবং সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেবেন। তার আগে বরানগরে একাধিক কর্মসূচীতেও তাঁদের অংশগ্রহণ করার কথা।

২১ জানুয়ারি (শনিবার) সকালে তাঁরা হুগলি জেলার চন্দননগর সফর করবেন। বিকাল আড়াইটায় কলেজ স্কোয়ারে প্রকাশ্য সভায় ডা. অ্যালৈইদা গুয়েভারাকে গণসম্বর্ধনা দেওয়া হবে। বিকালে মৌলানী যুব কেন্দ্রে চিকিৎসকদের সঙ্গে একটি সভায় ডা. অ্যালৈইদা গুয়েভারা অংশ নেবেন।

বিশিষ্ট শিল্পী সাহিত্যিক চিকিৎসক ক্রীড়াবিদসহ বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্টজনেরাও এই অনুষ্ঠানগুলিতে অংশ গ্রহণ করবেন।

সারা ভারত শান্তি ও সংহতি সংস্থা ছাড়াও বিভিন্ন গণসংগঠন ট্রেড ইউনিয়ন সংগঠন, শিক্ষক সংগঠন এবং সামাজিক-সাংস্কৃতিক সংস্থা এগিয়ে এসেছেন এই কর্মসূচী সফল করতে। শিল্পী সাহিত্যিক চিকিৎসক, ক্রীড়াবিদসহ বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্টজনেরাও এই অনুষ্ঠানগুলিতে অংশ গ্রহণ করছেন।

অনুষ্ঠানগুলিতে সমাজতান্ত্রিক কিউবার জনস্বার্থবাহী বিকল্পনীতি এবং আজকের লাতিন আমেরিকায় সাম্রাজ্যবাদবিরোধী গণউদ্যোগের অভিজ্ঞতা সম্পর্কে আলোচনা করবেন ডা. অ্যালৈইদা গুয়েভারা। তাঁদের এই সফর দু'দেশের মৈত্রীকে আরও শক্তিশালী করবে।

২২ জানুয়ারি ভোর বেলা কলকাতা থেকে ডা. অ্যালৈইদা গুয়েভারা ও তাঁর কন্যা বিমানযোগে ব্যাঙ্গালোর রওনা দেবেন। ২৭ জানুয়ারি দিল্লি থেকে ধরবেন দেশে ফেরার বিমান।